

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ১২৭

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ১৬. ত্বালহাহ্ বিন উবাইদুল্লাহ (রাঃ)-এর সম্মান

بَابُ فَضْلِ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ رَضِيَ اللَّهُ عَنْهُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سِنَانَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنْبَأَنَا إِسْحَاقُ، عَنْ مُوسَى بْنِ طَلْحَةَ، قَالَ كُنَّا عِنْدَ مُعَاوِيَةَ فَقَالَ أَشْهَدُ لَسَمِعْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَقُولُ " طَلْحَةُ مِمَّنْ قَضَى نَحْبَهُ " .

বাংলা

৩/১২৭। মুসা ইবনু ত্বালহাহ্ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা মুআবিয়াহ (রাঃ) এর নিকট উপস্থিত ছিলাম। তখন তিনি বলেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ যারা নিজেদের মানৎ পূর্ণ করেছে, ত্বালহাহ্ তাদের অন্তর্ভুক্ত।

English

It was narrated that Musa bin Talhah said:
We were with Mu'awiyah and he said: "I heard the Messenger of Allah say:
'Talhah is one of those who fulfilled their covenant.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ৩২০২

তাহরীক আলবানী: হাসান। উক্ত হাদিসের রাবী ইসহাক (বিন ইয়াহইয়া) সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার থেকে আমরা কেউ হাদিস বর্ণনা করি নি। আলী ইবনু মাদীনী বলেন মুনকারুল হাদীস ও তার হাদিস প্রত্যখ্যানযোগ্য। ইমাম বুখারী বলেন তিনি সত্যবাদী কিন্তু তিনি হাদিস বর্ণনায় সন্দেহ করেন। হাদিসটির ৭৪ টি শাহিদ হাদিস রয়েছে তন্মধ্যে তিরমিযিতে ৫ টি, ইবনু মাজায় ৩ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে বর্ণিত রয়েছে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুসা ইবনু তালহা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9837>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন